# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 30-11-2025 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর:–

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে ১২৮-তম মন-কি-বাত অনুষ্ঠানে আবারও দেশের ভোকাল ফর লোকাল নীতির সাফল্যের কথা তুলে ধরেছেন।

২) তিনি কৃষি ক্ষেত্রে ভারতের রেকর্ড পরিমাণ উৎপাদনের কথা উল্লেখ করেন।

৩) মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী ভারতীয় ক্রীড়াবিদদের সম্প্রতি সাফল্যের কথা, বিশেষ করে, আই সি সি মহিলা ক্রিকেট ওয়ার্ল্ড কাপে ভারতের চ্যাম্পিয়ান হওয়ার কথা স্মরণ করেছেন।

৪) কুরুক্ষেত্রের ব্রহ্ম সরোবরে আয়োজিত আন্তর্জাতিক গীতা মোহোৎসবে সামিল হওয়ার অভিজ্ঞতা দেশবাসীর সামনে তুলে ধরেন তিনি।

৫) দেশের ১২-টি রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের পর খসড়া ভোটার তালিকা প্রকাশের দিন ৯-ই ডিসেম্বরের পরিবর্তে, ১৬-ই ডিসেম্বর প্রকাশিত হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

৬) সংসদে শীতকালীন অধিবেশনের আগে আজ সরকারের ডাকা সর্ব দলীয় বৈঠক শুরু হয়েছে।

৭) ভারত – দক্ষিণ আফ্রিকা একদিনের ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচটি শুরু হয়েছে। টসে জিতে দক্ষিণ আফ্রিকা ভারতকে ব্যাট করতে পাঠিয়েছে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে ১২৮-তম মন-কি-বাত অনুষ্ঠানে আবারও দেশের ভোকাল ফর লোকাল নীতির সাফল্যের কথা জোর দিয়ে তুলে ধরেছেন। তিনি বলেছেন, ভোকাল ফর লোকালের ভাবনা দেশের কোটি কোটি মানুষ তাদের দৈনন্দিন জীবনের অংশ করে নিয়েছে। সকলের পছন্দ এবং কেনাকাটার মধ্যে স্বদেশীকতার প্রতি আকর্ষণ বৃদ্ধি পাচ্ছে। এবারের উৎসবের মরশুমে এই পরিবর্তনের প্রমাণ পাওয়া গেছে। ছোটো ছোটো দোকানদাররাও এই পরিবর্তন অনুভব করছেন। কিছু দিনের মধ্যে নববর্ষের কেনাকাটা শুরু হবে। সেই সময় স্বদেশী জিনিষ কেনাকাটার ওপর শ্রী মোদী জোর দেন। তিনি জানান, এবারের জি-টোয়েন্টি সম্মেলনে বিশ্বের অনেক নেতাকে দেশে তৈরি হস্তশিল্প উপহার দিয়েছেন।

(বাইট – ভোকাল ফর লোকাল)

তিনি জানিয়েছেন, দেশ খাদ্য শস্য উৎপাদনে ঐতিহাসিক রেকর্ড করেছে। ভারত এবছর ৩৫৭ মিলিয়ন টন অর্থাৎ ৩৫ কোটি ৭০ লক্ষ টন  খাদ্য শস্য উৎপাদনে সক্ষম হয়েছে। ১০ বছর আগের খাদ্য শস্য উৎপাদনের তুলনায়  বৃদ্ধির পরিমাণ ১০ কোটি টন।

(বাইট – খাদ্য শস্য)

প্রধানমন্ত্রী এদিন, হায়দ্রাবাদের স্কাইরুট ইনফিনিটি ক্যাম্পাসে বিশ্বের সবচেয়ে বড় টার্বোফাম এয়ার ক্র্যাফ্ট ইঞ্জিন নির্মাণ, মেরামতি ও পরীক্ষার ব্যবস্থা বা এম আরও ফেসিলিটির কথাও বিশেষ গুরুত্ব দিয়ে উল্লেখ করেছেন।

খেলাধুলোর জগতে ভারতের অগ্রগতির কথাও প্রধানমন্ত্রী এদিনের বক্তব্যে উল্লেখিত হয়েছে। কিছুদিন আগে কমনওয়েল্থ গেমসের আয়োজক হিসেবে ভারতের নাম ঘোষণা করা হয়েছে। প্রধানমন্ত্রীর এই সাফল্য দেশবাসীর বলে

বর্ণনা করেছেন। সেই সঙ্গে এদিন তিনি আন্তর্জাতিক ক্রীড়া মঞ্চে ভারতের সাফল্যের কথা আরও একবার তুলে ধরেন।

টোকিওর ডেফ অলিম্পিক্সে ভারতের ২০-টি পদক জয় এবং মহিলা ক্রিকেট দলের আই সি সি বিশ্বকাপ জয়ের কথা এবং দৃষ্টিহীন মহিলাদের টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ান হওয়ার কথাও তাঁর ভাষণে উঠে আসে।

(বাইট – খেলা)

শ্রী মোদীর বক্তব্যে এদিন উইন্টার স্পোর্টসের কথাও উঠে এসেছে। তিনি এদিন স্কিইং, স্নো-বোর্ডিং, স্নো-ট্রেকিং প্রভৃতি খেলার ওপর জোর দেন। প্রধানমন্ত্রী শীতকালীন পর্যটনের সম্ভাবনার কথাও এদিন বিশেষ গুরুত্ব দিয়ে তুলে ধরেছেন।

মন-কি-বাতে এদিন শ্রী মোদী এনডিওরেন্স স্পোর্টসের ওপর বিশেষ জোর দিয়েছেন। তিনি বলেন,যুব সমাজের উদ্ভাবন নতুন নতুন দিকে যাত্রপথ শুরু করছে। ইসরো সম্প্রতি পুনেতে একটি ড্রোণ প্রতিযোগিতার আয়োজন করেছিল। এর লক্ষ্য ছিল মঙ্গলগ্রহের মতো পরিবেশ পরিস্থিতিতে ড্রোণ ওড়ানো। প্রধানমন্ত্রী জানান, বেশকিছু যুবক এই কাজে সাফল্য পেয়েছে। তার মন্তব্য যুবাদের নিষ্ঠা এবং বৈজ্ঞানিক সম্পর্ক বিকশিত ভারতের বড় শক্তি।

প্রধানমন্ত্রী মধু সংগ্রহের ক্ষেত্রে নানারকম পদ্ধতি ও প্রকরণের কথা মন-কি-বাতে স্পষ্ট করে জানিয়েছে। তিনি বলেন, ভারত মধু উৎপাদনে নতুন রেকর্ড তৈরি করেছে। ১১ বছর আগে দেশে মধু-র উৎপাদন ৭৬ হাজার মেট্রিক টন ছিল। এখন তা বেড়ে দেড়লাখ মেট্রিক টন হয়ে গিয়েছে। বিগত কয়েক বছরে মধুর রফতানি তিন গুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে। হানি মিশন যোজনা অনুযায়ী গ্রামদ্যোগ দফতর সোয়া ২ লক্ষেরও বেশি মৌমাছির বাক্স দেশবাসীর মধ্যে বিতরণ করেছেন।

মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাতে নরেন্দ্র মোদী কুরুক্ষেত্রের ব্রহ্ম সরোবরে আয়োজিত আন্তর্জাতিক গীতা মোহোৎসবে সামিল হওয়ার অভিজ্ঞতা

দেশবাসীর সামনে তুলে ধরেন। তিনি জানান, চলতি মাসের শুরুর দিকে সৌদি আরবে প্রথমবার কোনো সার্বজনিক মঞ্চে গীতা পাঠের আয়োজন করা হয়।

ইউরোপের লাটাভিয়াতেও স্মরণীয় গীতা মোহৎসবের আয়োজন করা হয়েছিল। লাটাভিয়া, এস্টোনিয়া, লিথুয়ানীয়া, আলজেরিয়ার শিল্পীরা এই মহোৎসবে যোগ দিয়েছিলেন।

(বাইট – গীতা)

সাম্প্রতিক ভূটান সফরে গিয়ে তিনি ভগবান বুদ্ধের পবিত্র অবশেষ পাঠানোর বিষয়ে বর্তমান ভূটান রাজের সঙ্গে আলোচনা করেন। ভূটানবাসীরা এই অবশেষ পাঠানোর জন্য ভারতবাসীদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন বলেও তিনি মন্তব্য করেন। মঙ্গলিয়া, ভিয়েতনাম এবং থাইল্যান্ডেও এই পবিত্র অবশেষ নিয়ে যাওয়া হয়েছে। সর্বত্রই মানুষের মধ্যে এনিয়ে উৎসাহ দেখা গেছে।

শ্রী মোদীর মন-কি-বাতে এদিন  উঠে এসেছে বন্দেমাতরমের ১৫০ বছর পূর্তিতে গোটা দেশে অনুষ্ঠিত হতে চলা কার্যক্রমের সূচনা প্রসঙ্গে। সেই সঙ্গে রামমন্দিরে ধর্ম ধ্বজা উত্তোলনের কথাও তিনি স্মরণ করান। গত ২৫-শে নভেম্বরের এই অনুষ্ঠানে তিনি নিজে উপস্থিত ছিলেন। ওইদিনই কুরুক্ষেত্রের জ্যোতিসরে পাঞ্চজন্য স্মারক জাতির উদ্দেশে নিবেদিত হয়।

মন-কি-বাতে এদিন তিনি গত সপ্তাহে মুম্বাই-তে আই এন এস মাহেকে ভারতীয় নৌ-সেনায় সামিল করার প্রসঙ্গ উল্লেখ করে বলেন, নৌ-সেনা অত্যন্ত দ্রুততার সঙ্গে স্বনির্ভরতার লক্ষে এগিয়ে চলেছে।

(বাইট – নৌবাহিনী)

ooooooooooooooooooooooo

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের খসড়া ভোটার তালিকা প্রকাশের তারিখ পিছিয়ে দেওয়া হয়েছে। আগামী ৯ ই ডিসেম্বর পশ্চিমবঙ্গ সহ, ১২ টি রাজ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে বলে জানানো হয়েছিলো, তা পিছিয়ে ১৬ ই ডিসেম্বর করা হয়েছে। ফলে, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার দিনও পিছিয়েছে। কমিশন জানিয়েছে, ৭ ই ফেব্রুয়ারির পরিবর্তে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ১৪ ই ফেব্রুয়ারি। এন্যুমারেশন পর্ব শেষ হচ্ছে ১১ ই ডিসেম্বর। পোলিং স্টেশন পুনর্বিন্যাসের কাজও  ওইদিন শেষ হওয়ার কথা। খসড়া তালিকা ১৬ ই ডিসেম্বর প্রকাশের পর দাবিদাওয়া ও অভিযোগ জানানো যাবে ২০২৬ সালের ১৫ ই জানুয়ারি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সংসদের শীতকালীন অধিবেশনের আগে আজ নতুন দিল্লিতে সরকারের ডাকা সর্বদলীয় বৈঠক শুরু হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করছেন, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। উপস্থিত আছেন, রাজ্যসভার নেতা জে পি নাড্ডা, সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু, সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল ও ডক্টর এল মুরুগন। বৈঠকে রয়েছেন, কংগ্রেস নেতা গৌরব গগৈ, ডিএমকে নেতা তিরুচি শিবা, তৃণমূল কংগ্রেসের ডেরেক ওব্রায়ন, শিবসেনার নরেশ মাস্কে প্রমুখ। আগামীকাল সংসদের শীতকালীন অধিবেশন শুরু হবে। চলবে ১৯-শে ডিসেম্বর পর্যন্ত। যেসব বিল উত্থাপিত হওয়ার সম্ভাবনা রয়েছে, তার মধ্যে আছে, পারমাণবিক শক্তি বিল ২০২৫, বীমা আইন সংশোধন বিল, উচ্চ-শিক্ষা কমিশন বিল এবং জাতীয় মহাসড়ক সংশোধন বিল।

০০০০০০০০০০০০০০০০০

ভারত আজ তিন ম্যাচের একদিনের ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হয়েছে। রাঁচির জে এস সি এ ইন্টারন্যাশনাল স্টেডিয়াম কমপ্লেক্সে টসে জিতে দক্ষিণ আফ্রিকা ভারতকে ব্যাট করতে পাঠিয়েছে। দক্ষিণ

আফ্রিকার বিরুদ্ধে টেস্ট সিরিজে শোচনীয় পরাজয়ের পর একদিনের সিরিজে ঘুরে দাঁড়াতে মরিয়া ভারতীয় দল।

oooooooooooooooooo

oooooooooooooooooooooo